দৈনিক জনকণ্ঠ

২৩/১০/২০০১

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৪

# উপাচার্যদের অপসারণ চেষ্টা নিন্দনীয় ॥ ভার্সিটি শিক্ষক সমিতি ফেডারেশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন দেশে সরকার পরিবর্তনের

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## উপাচার্যদের. অপসারণ

(প্রথম পাতার পর)

পর বিশ্ববিদ্যালয়গুলোতে নির্বাচিত ও নিয়োগপ্রাপ্ত উপচার্যদের জোরপূর্বক অপসারণ প্রচেষ্টাকে দুঃখজনক ও নিন্দনীয় বলে আখ্যা দিয়েছে। শনিবার এক বিবৃতিতে ফেডারেশনের সভাপতি ড. আরআইএম আমিনুর রশীদ ও মহাসচিব ড. ইফতেখারউদ্দিন চৌধুরী বলেন, কোন গণতান্ত্রিক বিধিব্যবস্থায় এরূপ আচরণ কাম্য নয়। দেশে উচ্চশিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে বিশ্ববিদ্যালয়সমূহে কোন অনভিপ্রেত হস্তক্ষেপ শিক্ষক সমাজের কাছে গ্রহণযোগ্য হবে না।